



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাভ

## তুমি যা বপন করবে তারই ফসল পাবে

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।  
আউযু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।  
আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।  
মাদাদ ইয়া রাসুল আল্লাহু মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহু মাদাদ ইয়া মাশাইখিনা,  
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাত্তুর।  
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) বলেন, "ভালো কর। ভালো কর এবং পরিবর্তে ভালো লাভ কর। যারা খারাপ করে তারা খারাপ পাবে এবং তাদের কুকর্মের ফসল লাভ করবে। তুমি যাই কর, নিশ্চিতভাবে তার পরিবর্তে যা প্রাপ্য তুমি তাই পাবে। কোন কিছুই অনর্থক নয়। যখন তুমি কুকর্ম করবে, তার জন্য দুনিয়াতে কোন উপকার পাবে না এবং আখিরাতে তার অনিষ্ট দেখতে পাবে।

অনেক সময় শয়তান বলে, 'তুমি এত ভালো কাজ করেছ তাতে তোমার কি লাভ হয়েছে?' তার নিশ্চয়ই বহু উপকার আছে, কিন্তু মানুষেরা ধৈর্যহীন এবং অকৃতজ্ঞ। একজন মুমিনের কোন প্রতিদানের আশা না করেই ভালো কাজ করার কথা। যখন প্রতিদানের আশা না করে কাজ করা হয় তখন আল্লাহ্ (জাঃজাঃ) বহুগুণে বেশি প্রতিদান দেন। তিনি আখিরাতেও অনেক গুণ বেশি দান করে থাকেন।

এখন মানুষেরা কিছু করে খোঁটা দেয় এই বলে যে, "আমি অমুকের জন্য এই করেছি, সেই করেছি" আরবীতে মিন্নাত শব্দের মানে হচ্ছে কারও নাক মাটিতে ঘষে দেয়া। অতীতে আদাব ছিল। তখন এসময় থেকে মানুষেরা অনেক ভিন্ন ছিল। যখন কেউ ভালো কিছু করত তখন তারা সেটা গোপনে করত মানুষের মাঝে বেশি না ছড়িয়ে। এখন তারা সামান্য একটু কাজ করে পুরো পৃথিবীর কাছে বিজ্ঞাপন করে।

এটা এই সময়ের অসুস্থতা কারণ এটা শেষ সময়ের যুগ। শয়তান তার সব সৈন্যদের সাথে মিলে মানুষদেরকে যেমন ইচ্ছা চালাচ্ছে এবং তাদের সাথে খেলা করছে। তারপরেও আল্লাহ্ আমাদের ভালো করার তাওফিক দান করুন। তিনি যেমন চান তেমনটি যেন আমরা করি। আমাদের ভালো কাজগুলো যেন বৃথা না যায় ইনশাআল্লাহ্। আল্লাহ্ তোমাদের সবার সাথে সন্তুষ্ট হোন।

আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল  
৫ এপ্রিল ২০১৬/২৭ জুমাদ আল-আখির ১৪৩৭  
ফাজর নামায, আকবাবা দারগাহ।